

উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

বিজ্ঞপ্তি



স্মারক নং: উবি-০৬/২০০৭-১৬৭০২

তারিখ: ০৮ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ
২৩ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ

বিষয়: রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের কোভিড-১৯ এর টিকা গ্রহণ প্রসঙ্গে।

৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণির সকল শিক্ষার্থী (যাদের কোভিড-১৯ টিকার রেজিস্ট্রেশন সম্পন্ন হয়েছে), সম্মানিত শিক্ষক, অভিভাবক, কর্মকর্তা ও কর্মচারীকে জানানো যাচ্ছে যে, আগামীকাল ৯/১১/২০২১ মঙ্গলবার রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের কোভিড-১৯ এর টিকা 'আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল ক্যাম্পাস, ঢাকা'- কেন্দ্রে নিম্নলিখিত ছক মোতাবেক প্রদান করা হবে।

১। যে সকল শিক্ষার্থী তাদের অভিভাবকের নিজস্ব ব্যবস্থাপনায় সরাসরি টিকাকেন্দ্রে যেতে ইচ্ছুক, তাদের জন্য টিকাদান কেন্দ্রে ('আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল ক্যাম্পাস, ঢাকা') উপস্থিতির সময়:

শ্রেণি	উপস্থিতির সময় (টিকাদান কেন্দ্র)
৬ষ্ঠ ও ৭ম	১১:৩০
৮ম ও ৯ম	১২:০০
১০ম শ্রেণি (এসএসসি-২০২১ ও এসএসসি-২০২২) এবং ১২শ শ্রেণি (এইচএসসি-২০২১ ও এইচএসসি-২০২২)	০১:০০

২। বিদ্যালয় থেকে টিকাকেন্দ্রে যাওয়ার জন্য পরিবহনের ব্যবস্থা করা হয়েছে। বিদ্যালয়ের পরিবহনে যেতে ইচ্ছুক শিক্ষার্থীদের বিদ্যালয় প্রাঙ্গণে (উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে) উপস্থিতির সময়:

শ্রেণি	উপস্থিতির সময় (বিদ্যালয় প্রাঙ্গণ)
৬ষ্ঠ ও ৭ম	১০:০০
৮ম ও ৯ম	১১:০০
১০ম শ্রেণি (এসএসসি-২০২১ ও এসএসসি-২০২২) এবং ১২শ শ্রেণি (এইচএসসি-২০২১ ও এইচএসসি-২০২২)	১২:০০

৩। টিকা কেন্দ্রে যাওয়ার সময় অবশ্যই ভ্যাকসিন নিবন্ধন কার্ড (ডাউনলোড করে প্রিন্ট করে) এবং জন্ম নিবন্ধন সনদের ফটোকপি সাথে নিয়ে যেতে হবে।

৪। ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণির ৯/১১/২০২১ মঙ্গলবার বিদ্যালয়ের শ্রেণিকার্যক্রম (অনলাইনসহ) বন্ধ থাকবে। ১০/১১/২০২১ বুধবার থেকে পূর্ব নির্ধারিত রুটিন অনুযায়ী শ্রেণিকার্যক্রম (অনলাইনসহ) চলবে।

৫। প্রাথমিক শাখায় শ্রেণিকার্যক্রম যথারীতি চলমান থাকবে।

৬। সম্মানিত শিক্ষকবৃন্দকে যথাসময়ে বিদ্যালয়ে আসতে হবে।

সংশ্লিষ্ট সকলকে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি মেনে টিকাকেন্দ্রে উপস্থিত হয়ে টিকা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/
জহুরা বেগম
অধ্যক্ষ